# ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি (ডেসকো) লিমিটেড

## ২০২২-২৩ অর্থ বছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের অধীন 'সেবা প্রদান প্রতিশ্রুতি' কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন।

### ১ম প্রান্তিকঃ জুলাই'২২ হতে সেপ্টেম্বর'২২।

| কার্যক্রমের ক্ষেত্র | মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ২০২২-২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রা | ১ম কোয়ার্টারে লক্ষ্যমাত্রা | ১ম কোয়ার্টারে অর্জন | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| প্রাতিষ্ঠানিক | ১৮ | [১.১] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন | [১.১.১] কমিটি পুনর্গঠিত | সংখ্যা | ৩ | ৪ | ১ | ১ | |
| | | [১.২] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | [১.২.১] সিদ্ধান্ত বাস্তবায়িত এবং প্রতিবেদন প্রেরিত | % | ৪ | ১০০ | ১০০ | ১০০ | |
| | | [১.৩] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন | [১.৩.১] সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ১ | ১ | |
| | | [১.৪] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ (আওতাধীন দপ্তর/সংস্থাসহ) | [১.৪.১] হালনাগাদকৃত | সংখ্যা | ৯ | ৪ | ১ | ১ | http://desco.gov.bd/site/office_citizen_charter/d8bd28ac-acc8-40.6-881c-a8b25e11013d/- |
| সক্ষমতা অর্জন | ০৭ | [২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন | [১.১.১] প্রশিক্ষণ/ কর্মশালা আয়োজিত | সংখ্যা | ৩ | ২ | ১ | ১ | |
| | | [২.২] সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন | [১.৩.১] অবহিতকরণ সভা অনুষ্ঠিত | সংখ্যা | ৪ | ২ | - | - | |

০৪/১০/২২
প্রকৌঃ মির্জা আবু নাছের
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইডি নং-০১০৬)
রূপনগর সার্কেল, ডেসকো।

# ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি (ডেসকো) লিমিটেড

## ২০২২-২৩ অর্থ বছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের অধীন 'সেবা প্রদান প্রতিশ্রুতি' কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন।

### মাসঃ সেপ্টেম্বর ২০২২।

| কার্যক্রমের ক্ষেত্র | মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ২০২২-২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রা | ২০২২-২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রা | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | সেপ্টেম্বর মাসের লক্ষ্যমাত্রা | সেপ্টেম্বর মাসে অর্জন | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| প্রাতিষ্ঠানিক | ১৮ | [১.১] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন | [১.১.১] কমিটি পুনর্গঠিত | সংখ্যা | ৩ | ৪ | ০ | ০ | |
| | | [১.২] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | [১.২.১] সিদ্ধান্ত বাস্তবায়িত এবং প্রতিবেদন প্রেরিত | % | ৪ | ১০০ | ১০০ | ১০০ | |
| | | [১.৩] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন | [১.৩.১] সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ১ | ১ | |
| | | [১.৪] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ (আওতাধীন দপ্তর/সংস্থাসহ) | [১.৪.১] হালনাগাদকৃত | সংখ্যা | ৯ | ৪ | ১ | ১ | http://desco.gov.bd/site/office_citizen_charter/d8bd28ac-acc8-401.6-881c-a8b25e11013d/- |
| সক্ষমতা অর্জন | ০৭ | [২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন | [১.১.১] প্রশিক্ষণ/ কর্মশালা আয়োজিত | সংখ্যা | ৩ | ২ | ১ | ১ | |
| | | [২.২] সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন | [১.৩.১] অবহিতকরণ সভা অনুষ্ঠিত | সংখ্যা | ৪ | ২ | - | - | |

প্রকৌঃ মির্জা আবু সাঈদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইডি নং-০১০৬)
রূপনগর সার্কেল, ডেসকো

শেখ হাসিনার উদ্যোগ

DESCO
POWER IS YOURS
২২/বি, কবি ফররুখ সরণি, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯, বাংলাদেশ।
ফোনঃ +৮৮-০২ ৮৯০০১১০-১১, ৮৯০০৮২০-২৩ ফ্যাক্সঃ +৮৮-০২ ৮৯০০১০০
ইমেইল: info@desco.org.bd, mddesco@desco.org.bd
ওয়েবসাইট: www.desco.org.bd

মুজিব শতবর্ষ

স্মারক নং- ২৭.২৪.০০০০.০১৫.০৬.০০১.২২. ২২৭

তারিখঃ ভাদ্র ১, ১৪২৯ / আগস্ট ১৬, ২০২২

# অফিস আদেশ

সূত্রঃ ১। স্মারক নম্বরঃ ২৭.২৪.০০০০.০১৫.০৬.০০১.২১.১০৩৭, তারিখঃ আগস্ট ২, ২০২১।
২। স্মারক নম্বরঃ ২৭.২৪.০০০০.০৬৭.০৬.০০২.২১.২৭৫, তারিখঃ ২৭ মে ২০২১।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২২-২৩ অর্থ বৎসরের বার্ষিক কর্মসম্পাদন (APA) এর সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্রের অধীন "সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন" কার্যক্রমের আওতায় "ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন" সূচকটি বাস্তবায়নের লক্ষ্যে সূত্রস্থ-১ স্মারকমূলে গঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি নিম্নোক্তভাবে পুনর্গঠন করা হলো।

১। উপ-মহাব্যবস্থাপক (অভ্যন্তরীণ নিরীক্ষা) - আহবায়ক
২। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প পরিচালক (জিআইএস) এর দপ্তর - সদস্য
৩। উপ-ব্যবস্থাপক (অভ্যন্তরীণ নিরীক্ষা) - সদস্য

**কার্যপরিধিঃ**

১। বর্ণিত কমিটি ডেসকো'র সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবা প্রদানের বিষয়টি পরিবীক্ষণপূর্বক উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রতি প্রান্তিকে ১টি করে পরিবীক্ষণ প্রতিবেদন দাখিল করবে।

২। প্রযোজ্য ক্ষেত্রে সেবা প্রদান প্রতিশ্রুতির উন্নয়ন/হালনাগাদকরণ, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নের বিষয়ে প্রশিক্ষণের সুপারিশ করবে।

সূত্রস্থ-২ স্মারকমূলে গঠিত "সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি" কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী "সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি" এর সিদ্ধান্ত ১০০ ভাগ বাস্তবায়ন করবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

২১/৮/২০২২

(প্রকৌঃ গাজী শাহরিয়ার পারভেজ)
উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)

**বিতরণঃ** সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ।

**অনুলিপিঃ** সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১। নির্বাহী পরিচালক (প্রশাসন ও এইচ আর/অর্থ ও হিসাব/অপারেশন/প্রকৌশল/সংগ্রহ)।
২। প্রধান প্রকৌশলী (আইসিটি)।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এসএন্ডডি অপারেশন (রূপনগর সার্কেল) ও আহবায়ক (সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি)।
৪। স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক।
৫। অফিস কপি।

d:\administration division\office order\office order (committee).docx

Bangladesh

DESCO
POWER IS YOURS
প্লট-১/ক বীর মুক্তিযোদ্ধা এম এ মাজেদ সড়ক,
ব্লক-সি, সেকশন-০৬, মিরপুর, ঢাকা-১২১৬, বাংলাদেশ।
ফোন-+৮৮ ০২ ৪৮০৩৭৭২১, ইমেইল:rupnagarcircle@desco.org.bd
ওয়েবসাইট: www.desco.gov.bd,

মুজিব বর্ষ

স্মারক নং-২৭.২৪.০০০০.০৯৫.৯৯.০০১.২২-৭৮

তারিখ ঃ ১৯ শে আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ / ০৪ ঠা অক্টোবর ২০২২ খৃষ্টাব্দ

# আন্তঃঅফিস স্মারক

**প্রাপকঃ** নির্বাহী পরিচালক (অপারেশন) ও আহ্বায়ক, APA টিম, ডেসকো।

**প্রেরকঃ** তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এসএন্ডডি অপারেশন (রূপনগর সার্কেল)
ও আহ্বায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা

**বিষয়ঃ সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন দাখিল।**

**সূত্রঃ** ২৭.২৪.০০০০.০১৫.০৬.০০১.২২.১২৯৭; তারিখঃ ১৬/০৮/২০২২

উপর্যুক্ত বিষয়ে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বার্ষিক কর্মসম্পাদনচ চুক্তি (APA) এর সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের আওতায় "সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন পরিকল্পনা" এর অধীন "সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন" কার্যক্রমটি বাস্তবায়নের লক্ষ্যে সূত্রস্থ স্মারকমূলে ২০২২-২৩ অর্থ বছরের একটি সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি গঠন করা হয়েছে। গঠিত পরিবীক্ষণ কমিটির ১ম প্রান্তিকের প্রতিবেদনের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সঙ্গে সংযুক্ত করে উপস্থাপন করা হলো।

০৪/১০/২২

(প্রকৌঃ মির্জা আবু নাছের)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
ও
আহ্বায়ক, সিটিজেন চার্টার বাস্তবায়ন কমিটি।

**সংযুক্তিঃ** সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি কর্তৃক দাখিলকৃত ২০২২-২৩ অর্থ বছরের ১ম প্রান্তিকের পরিবীক্ষণ প্রতিবেদনের সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতির প্রতিবেদন।

**অনুলিপিঃ**

১। নির্বাহী পরিচালক (প্রশাসন ও এইচআর/ অর্থ ও হিসাব/ সংগ্রহ/ প্রকৌশল), ডেসকো।
২। প্রধান প্রকৌশলী (নেটওয়ার্ক অপারেশন/ আইসিটি)/ এসএন্ডডি অপারেশন (সাউথ জোন), ডেসকো।
৩। উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন), ডেসকো।
৪। স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক, ডেসকো।
৫। অফিস কপি।

# ঢাকা ইলেক্ট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড

## ২০২২-২৩ অর্থ বছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির 'আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের অধীন 'সেবা প্রদান প্রতিশ্রুতি' পরিবীক্ষণ কমিটির মতামত ও সুপারিশ বাস্তবায়ন প্রতিবেদন।

### ১ম প্রান্তিক (জুলাই'২২-সেপ্টেম্বর'২২)

| ক্রঃ নং | বিষয় | পরিবীক্ষণ কমিটির মতামত ও সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ০১ | নাগরিক সেবার নতুন সংযোগে প্রয়োজনীয় কাগজপত্রে eTIN সার্টিফিকেট জমা প্রদান বাধ্যতামুলক করা | স্মারক নংঃ ২৭.২৪.০০০০.০০৫.১৮.০২৩.২০.৪২ তারিখ জুলাই১৩, ২০২২ এর মাধ্যমে নতুন বিদ্যুৎ সংযোগের নিমিত্ত করদাতা সনাক্তকরণ নাম্বার (TIN) জমা প্রদান বাধ্যতামুলক করা হয়েছে। উক্ত বিষয়টি সিটিজেন চার্টারের প্রাতিষ্ঠানিক সেবা প্রদানের অংশে অন্তর্ভুক্ত করা | সুপারিশ অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্রে eTIN সার্টিফিকেট জমা প্রদান অন্তর্ভূক্ত করা হয়েছে এবং OCSINS এ আবেদন ফর্মে নাম্বার প্রদান বাধ্যতামুলক করা হয়েছে। **লিংকঃ** http://desco.gov.bd/site/of ice_citizen_charter/d8bd28ac-acc8-4016-381c-a8b25e11013d/- |
| ০২ | আপডেট ও আপলোড করে অফিস আদেশ জারী করা | বর্নিত বিষয়াটি সিটিজেন চার্টারে অন্তর্ভুক্ত করা হলে তা অফিস আদেশের মাধ্যমে সকল দপ্তরকে অবহিত করা যেতে পারে। | স্মারক নং ২৭.২৪.০০০০.০৯৫.০৭.০০৩.২২.৭৫(১), তারিখঃ ২৮-০৯-২০২২ইং অনুযায়ী অফিস আদেশ জারী করা হয়েছে। |

০৪/১০/২২

প্রকৌঃ মির্জা আবু নাছের
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইডি নং-০১০৬)
রূপনগর সার্কেল, ডেসকো।

Rupnagar Circle, Desco
Received No. 388
Received By
Date: 06/10/22

DESCO INTERNAL AUDIT
Despatch No 166
Date. 15.09.2022

অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, ডেসকো
তারিখঃ সেপ্টেম্বর১৫, ২০২২ ইং

DESCO ADMINISTRATION
Received No 7621
Date 03/10/22

**বিষয়ঃ পরিবীক্ষণ কমিটির প্রতিবেদন জমা প্রদান প্রসঙ্গে।**

সূত্রঃ স্মারক নং-২৭.২৪.০০০০.০১৫.০৬.০০১.২২.১২৯৭, তারিখঃ ১৬-০৮-২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডেসকো'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২২-২০২৩) অনুযায়ী **১ম প্রান্তিক** প্রতিবেদন দাখিলের নিমিত্তে সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য পেশ করা হলো।

15/09/2022

মোঃ আলমগীর হোছাইন
উপ-মহাব্যবস্থাপক (অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ)
ও
আহবায়ক (সেবা পরিবীক্ষণ কমিটি)

DGM (Admin) Pl.

২। পরিবীক্ষণ কমিটির সুপারিশসমূহ বাস্তবায়নের পরবর্তী কার্যক্রম গ্রহণ এবং বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন কর্তৃপক্ষের বরাবর দাখিলের অনুরোধসহ নথি অগ্রগামী করা হলো।

১৫/৯/2022

প্রকৌঃ গাজী শাহরিয়ার পারভেজ
(আইডি নং-০২১৯)
উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)
ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি (ডেসকো) লিমিটেড

SE (Rupnagar circle)
ও
আহবায়ক, সেবাপ্রদান প্রতিশ্রুতি
বাস্তবায়ন কমিটি

## মন্ত্রিপরিষদ বিভাগের প্রদত্ত নির্দেশনার আলোকে সিটিজেন চার্টার অনুযায়ী
## সেবা প্রদান সংক্রান্ত প্রতিবেদন।

সূত্রঃ স্মারক নং--২৭.২৪.০০০০.০১৫.০৬.০০১.২২.১২৯৭, তারিখঃ ১৬-০৮-২০২২।

১। **ভূমিকাঃ** ডেসকো'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২২-২০২৩) এ মন্ত্রণালয়/বিভাগের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য এর আওতাধীন কার্যক্রম ১.১ (সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন) এর প্রেক্ষিতে সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান করা হচ্ছে কিনা তা পরিবীক্ষণের জন্য স্মারক নং- ২৭.২৪.০০০০.০১৫.০৬.০০১.২২.১২৯৭, তারিখঃ ১৬-০৮-২০২২ মূলে প্রশাসন বিভাগ কর্তৃক একটি কমিটি গঠন করা হয়।

২। **কমিটি গঠনঃ** প্রশাসন বিভাগ কর্তৃক গঠিত কমিটি নিম্নরূপঃ

১। জনাব মোঃ আলমগীর হোছাইন, উপ-মহাব্যবস্থাপক (অভ্যন্তরীণ নিরীক্ষা) - আহবায়ক।
২। জনাব প্রকৌঃ হাবিবুল হাসান চৌধুরী, নির্বাহী প্রকৌশলী (জিআইএস প্রকল্প) - সদস্য।
৩। জনাব সেলিম রেজা, উপ-ব্যবস্থাপক (অভ্যন্তরীণ নিরীক্ষা) - সদস্য।

৩। **কার্যসম্পাদন পরিধিঃ**

| কর্মসম্পাদন সূচক | কমিটির কর্মপদ্ধতি |
|---|---|
| ১.১ (সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন) | **গঠিত কমিটি দৈবভাবে (randomly)** ডেসকো'র বিভিন্ন বিভাগের ২০২২-২৩ অর্থ বছরের প্রতি প্রান্তিকে প্রদত্ত কয়েকটি **সেবা সিটিজেনস চার্টার অনুযায়ী প্রদান করা হয়েছে কিনা তা পরিবীক্ষণ করতঃ সুপারিশ প্রদান।** |

৪। **সেবাগুলি যাচাই - বাচাই করণঃ**

ক) ডেসকো'র সিটিজেন চার্টার অনুযায়ী প্রতিশ্রুতি সেবাগুলির বিভিন্ন দিক, সেবা প্রদান পদ্ধতি, সময়সীমা ইত্যাদির গুরুত্ব বিবেচনা করে দৈব প্রক্রিয়ার মাধ্যমে মোট ০৫ (পাঁচ) টি সেবা যাচাইয়ের বিষয়ে পরিবীক্ষণ কমিটি একমত পোষণ করেন।

খ) কমিটি কর্তৃক নির্ধারিত সেবাগুলির তথ্য সংগ্রহ করতঃ নির্ধারিত সেবা সমূহের বিপরীতে সরেজমিন পরিদর্শন করতঃ সংশ্লিষ্ট দপ্তর হতে প্রাপ্ত তথ্য সমূহ কমিটি কর্তৃক পর্যালোচনা করা হয়।

৫। সিটিজেনস চার্টার অনুযায়ী প্রদত্ত নাগরিক সেবার বিপরীতে পরিবীক্ষণ কমিটি কর্তৃক উপস্থাপিত তথ্য উপাত্ত নিম্নে উপস্থাপন করা হলোঃ

| ক্রম | সিটিজেন&স চার্টার অনুযায়ী প্রদানকৃত অভ্যন্তরীণ সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | নির্দিষ্ট সময়ের মধ্যে কার্যসম্পাদন হয়েছে কিনা? | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | অসুস্থতাজনিত ছুটি অনুমোদনের জন্য আবেদন | • যথাযথ কর্তৃপক্ষের সুপারিশক্রমে প্রশাসন বিভাগে অগ্রগামী।<br>• ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট আবেদনকারীর অনুকূলে পত্র ইস্যু। | ০৭ কার্যদিবস | হ্যাঁ | সিটিজেন চার্টারে বর্ণিত সেবা পদ্ধতি অনুসরণ করে নির্ধারিত সময়সীমার মধ্যে অধিকাংশ কার্য সম্পাদিত হয়েছে। কিছু কিছু ক্ষেত্রে নির্ধারিত সময়সীমার অতিরিক্ত সময়ের প্রয়োজন হয়েছে। |
| ০২ | অন্য সংস্থায় চাকুরির Application করার অনুমতির জন্য আবেদন | • যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ব্যবস্থাপনা পরিচালক বরাবর আবেদন।<br>• ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদনকারীর অনুকূলে অন্য সংস্থায় চাকুরির Application করার অনুমতি প্রদান । | ০৭ কার্যদিবস | হ্যাঁ | সিটিজেন চার্টারে বর্ণিত সেবা পদ্ধতি অনুসরণ করে নির্ধারিত সময়সীমার মধ্যে কার্য সম্পাদিত হয়েছে। |
| ০৩ | বেতন ও ভাতাদি প্রদান | ব্যাংকের মাধ্যমে। | ১০ দিন। | হ্যাঁ | সিটিজেন চার্টারে বর্ণিত সেবা পদ্ধতি অনুসরণ করে নির্ধারিত সময়সীমার মধ্যে কার্য সম্পাদিত হয়েছে। |
| ০৪ | বেতনের প্রত্যয়নপত্র | প্রত্যয়নপত্র। | ৩০ দিন। | হ্যাঁ | সিটিজেন চার্টারে বর্ণিত সেবা পদ্ধতি অনুসরণ করে নির্ধারিত সময়সীমার মধ্যে কার্য সম্পাদিত হয়েছে। |
| ০৫ | বাজেট প্রনয়ন | সকল বিভাগ ও দপ্তর কর্তৃক চাহিদাপত্র প্রস্তুত পূর্বক অর্থ বিভাগে প্রেরন। | ৩০শে জুন তারিখের মধ্যে। | হ্যাঁ | সিটিজেন চার্টারে বর্ণিত সেবা পদ্ধতি অনুসরণ করে নির্ধারিত সময়সীমার মধ্যে কার্য সম্পাদিত হয়েছে। |

৬। **<u>কমিটির মতামত ও সুপারিশঃ</u>** সিটিজেন চার্টার অনুযায়ী ডেসেকো'র সংশ্লিস্ট দপ্তর হতে অভ্যন্তরীণ সেবার (কর্মকর্তা-কর্মচারীগনদের প্রদত্ত সেবা) বিপরীতে বিভিন্ন নথি/ফাইল, রেজিস্টার ও অন্যান্য কাগজপত্র পরিবীক্ষণ/নিরীক্ষা করতঃ নির্দ্দিষ্ট সময়ের মধ্যে সেবা প্রদানের বিষয়টি কমিটি কর্তৃক নিশ্চিত হয়েছে। তবে নিম্নবর্ণিত সুপারিশের আলোকে সিটিজেন চার্টারের প্রযোজ্য অংশ সংশোধন করা যেতে পারেঃ

ক) স্মারক নংঃ ২৭.২৪.০০০০.০০৫.১৮.০২৩.২০.৪২ তারিখ জুলাই১৩, ২০২২ এর মাধ্যমে নতুন বিদ্যুৎ সংযোগের নিমিত্ত করদাতা সনাক্তকরণ নাম্বার (TIN) জমা প্রদান বাধ্যতামুলক করা হয়েছে। উক্ত বিষয়টি সিটিজেন চার্টারের প্রাতিষ্ঠানিক সেবা প্রদানের অংশে অন্তর্ভুক্ত করা যেতে পারে।

খ) বর্নিত বিষয়টি সিটিজেন চার্টারে অন্তর্ভুক্ত করা হলে তা অফিস আদেশের মাধ্যমে সকল দপ্তরকে অবহিত করা যেতে পারে।

15/09/2022
**(সেলিম রেজা)**
উপ-ব্যবস্থাপক (অভ্যন্তরীণ নিরীক্ষা)
ও
সদস্য, সেবা পরিবীক্ষণ কমিটি

15.09.2022
**(হাবিবুল হাসান চৌধুরী)**
নির্বাহী প্রকৌশলী (জিআইএস প্রকল্প)
ও
সদস্য, সেবা পরিবীক্ষণ কমিটি

15/09/2022
**(মোঃ আলমগীর হোছাইন)**
উপ-মহাব্যবস্থাপক (অভ্যন্তরীণ নিরীক্ষা)
ও
আহবায়ক, সেবা পরিবীক্ষণ কমিটি

DESCO
POWER IS YOURS

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি (ডেসকো) লিমিটেড
নির্বাহী পরিচালক (অপারেশন) এর দপ্তর
২২/বি কবি ফররুখ সরণি, নিকুঞ্জ-২, খিলক্ষেত,
ঢাকা-১২২৯
www.desco.org.bd

স্মারক নম্বর: ২৭.২৪.০০০০.০০৫.১৮.০২৩.২০.৪২

তারিখ: ২৯ আষাঢ় ১৪২৯ / ১৩ জুলাই ২০২২

বিষয়: নতুন বিদ্যুৎ সংযোগের নিমিত্ত করদাতা সনাক্তকরণ নাম্বার (TIN) বাধ্যতামূলককরণ সংক্রান্ত।

সূত্র: স্মারক নং-২৭.০০.০০০০.০৫২.৩১.০০৯.১৮.৩১৫, তারিখ: ২৬ জুন ২০২২

উপর্যুক্ত বিষয়ে ও বিদ্যুৎ বিভাগের সূত্রস্থ পত্রের (সংযুক্ত) পরিপ্রেক্ষিতে ডেসকো'র আওতাধীন সিটি কর্পোরেশন, পৌরসভা এবং ক্যান্টনমেন্ট বোর্ড এলাকাভূক্ত সকল আবাসিক, বাণিজ্যিক এবং শিল্প পর্যায়ে নতুন বিদ্যুৎ সংযোগ প্রদানের ক্ষেত্রে করদাতা সনাক্তকরণ নাম্বার (TIN) বাধ্যতামূলক করার বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

১৩-৭-২০২২
ইসমাঈল বিন ইব্রাহিম
স্টাফ অফিসার
ফোন: +৮৮-০২৮৯০০১১০-১১
ফ্যাক্স: +৮৮ ০২ ৮৯০০১০০
ইমেইল: info@desco.org.bd

নির্বাহী প্রকৌশলী, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড (ডেসকো)

স্মারক নম্বর: ২৭.২৪.০০০০.০০৫.১৮.০২৩.২০.৪২/১(১৩)

তারিখ: ২৯ আষাঢ় ১৪২৯ / ১৩ জুলাই ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) প্রধান প্রকৌশলী, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড (ডেসকো)
২) প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলী (আইসিটি) এর দপ্তর, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড (ডেসকো)
৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড (ডেসকো)
৪) স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড (ডেসকো)

১৩-৭-২০২২

S&D Operation, Rupnagar Circle, Plot-1/Ka, Bir Muktijodhha M.A. Mazed Sarak, Block-C, Avenue-05, Section-06, Mirpur, Dhaka-1216
Tel: 0248037721, e-mail: rupnagarcircle@desco.org.bd Web: www.desco.org.bd

স্মারক নম্বরঃ ২৭.২৪.০০০০.০৯৫.০৭.০০৩.২২.৭৫(১) তারিখঃ ২৮ সেপ্টেম্বর ২০২২ইং

# অফিস আদেশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২২-২৩ অর্থবছরের ১ম প্রান্তিকের নাগরিক, প্রাতিষ্ঠানিক ও আভ্যন্তরীণ সেবা'র সিটিজেন চার্টার (সেবা প্রদান প্রতিশ্রুতি) আপডেট করে ডেসকো'র ওয়েবসাইটে ১৩/০৯/২০২২ইং তারিখে আপলোড করা হয়েছে। এছাড়া নাগরিক, প্রাতিষ্ঠানিক ও আভ্যন্তরীণ সেবাও ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

**Weblink:**

- নাগরিক সেবাঃ
  http://desco.gov.bd/site/office_citizen_charter/d8bd28ac-acc8-4016-881c-a8b25e11013d/-
- প্রাতিষ্ঠানিক সেবাঃ
  http://desco.gov.bd/site/office_citizen_charter/fd66fa1a-ce68-4f5b-babe-17b65be799d0/-
- আভ্যন্তরীণ সেবাঃ
  http://desco.gov.bd/site/office_citizen_charter/d21b4013-1c38-43dd-8de6-34cb6d91d05b/-

আপলোডকৃত সিটিজেন চার্টার অনুযায়ী সংশ্লিষ্ট সেবা প্রদান নিশ্চিত করার জন্য সকলকে অনুরোধ করা হলো। একই সাথে সিটিজেন চার্টারে কোন পরিবর্তন/ পরিবর্ধন/ সংযোজনের প্রয়োজনীয়তা থাকলে তা স্পষ্টভাবে লিখিত আকারে rupnagarcircle@desco.org.bd এ অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

অনুরোধক্রমে,

২৮/০৯/২২

( প্রকৌঃ মির্জা আবু নাছের )
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
রূপনগর সার্কেল, ডেসকো।

সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে অনুলিপিঃ

১) নির্বাহী পরিচালক (প্রশাসন ও এইচ আর/অর্থ ও হিসাব/অপারেশন/প্রকৌশল/সংগ্রহ)।
২) প্রধান প্রকৌশলী, এস এন্ড ডি অপারেশন (নর্থ/সেন্ট্রাল/সাউথ জোন)/ডিএন্ডপি/পি এন্ড ডি/নেটওয়ার্ক অপারেশন/পিএমপিএন্ডএসএম/আইসিটি/মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)/প্রকল্প পরিচালক (স্ক্যাডা/গুলশান ভূগর্ভস্থ গ্রিড উপকেন্দ্র নির্মাণ)।
৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পি এন্ড ডি/ডিএন্ডএমডব্লিউ/এমপিএন্ডএস/নেটওয়ার্ক এন্ড সিস্টেম অ্যাডমিনিস্ট্রেটর /এমআইএস এন্ড সফটওয়্যার /এসএন্ডডি অপারেশন (টঙ্গী/উত্তরা/দক্ষিণখান/বারিধারা/গুলশান/পল্লবী/আগারগাঁও/রূপনগর সার্কেল)/ পিআইএন্ডটি/ ডিএসপিএন্ডইএ/এমডিএসএসএম/ প্রকল্প পরিচালক (স্মার্ট প্রি-পেমেন্ট মিটার/ বৈদ্যুতিক অবকাঠামো সম্প্রসারণ ও শক্তিশালীকরণ)/কোম্পানি সচিব/ উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন/ এইচআরএম/অর্থ/হিসাব/অভ্যঃ নিরীক্ষা)।

DESCO POWER IS YOURS

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি (ডেসকো) লিমিটেড
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর
২২/বি কবি ফররুখ সরণি, নিকুঞ্জ-২, খিলক্ষেত,
ঢাকা-১২২৯
www.desco.org.bd

স্মারক নম্বর: ২৭.২৪.০০০০.০৯৫.৯৯.০৩১.২২.১৪২

তারিখ: ১১ কার্তিক ১৪২৯
২৭ অক্টোবর ২০২২

বিষয়: **সিটিজেন চার্টার বাস্তবায়ন কমিটি কর্তৃক সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন ও সেবা প্রদান প্রতিশ্রুতি ডেসকো ওয়েবসাইটে আপলোড এর তথ্য অবহিত করন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত (১ম প্রান্তিক) বাস্তবায়ন কমিটি কর্তৃক ইতোমধ্যে বাস্তবায়ন করা হয়েছে। সেবা প্রদান প্রতিশ্রুতি'র নাগরিক সেবা অংশ আপডেট করে গত ১৩/০৯/২০২২ইং তারিখে ডেসকো'র ওয়েবসাইটে (লিংকঃ http://desco.gov.bd/site/office_citizen_charter/d8bd28ac-acc8-4016-881c-a8b25e11013d/-) আপলোড করা হয়েছে। পরিবীক্ষণ কমিটির অফিস আদেশ, রিপোর্ট ও বাস্তবায়ন প্রতিবেদন এবং পত্র অত্রসাথ সংযুক্তপূর্বক অবগতি ও পরবর্তী কার্যার্থে প্রেরণ করা হল।

২৭-১০-২০২২
মোঃ কাওসার আমীর আলী
ব্যবস্থাপনা পরিচালক
ফোন: +৮৮-০২৮৯০০১১০-১১
ফ্যাক্স: +৮৮ ০২ ৮৯০০১০০
ইমেইল: info@desco.org.bd

সচিব, বিদ্যুৎ বিভাগ

**দৃষ্টি আকর্ষণঃ** সিনিয়র সহকারী সচিব, জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ অধিশাখা, বিদ্যুৎ বিভাগ

স্মারক নম্বর: ২৭.২৪.০০০০.০৯৫.৯৯.০৩১.২২.১৪২/১(৫)

তারিখ: ১১ কার্তিক ১৪২৯
২৭ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) নির্বাহী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), নির্বাহী পরিচালক (অপারেশন) এর দপ্তর, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড (ডেসকো)

২) যুগ্মসচিব, নবায়নযোগ্য জ্বালানি অনুবিভাগ, বিদ্যুৎ বিভাগ এবং আহ্বায়ক ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সিটিজেনস চার্টার বাস্তবায়ন কমিটি।

৩) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী (এসএন্ড ডি অপারেশন, নর্থ জোন) এর দপ্তর, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই

DESCO
POWER IS YOURS

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি (ডেসকো) লিমিটেড
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (রূপনগর সার্কেল)
প্লট-১/ক, বীর মুক্তিযোদ্ধা এম, এ মাজেদ সড়ক, ব্লক-সি, এভিনিউ-০৫, সেকশন- ০৬, মিরপুর, ঢাকা-১২১৬।

নম্বর ২৭.২৪.০০০০.০৯৫.৩১.০০২.২২.৯৭

তারিখ: ২২ ভাদ্র ১৪২৯
০৬ সেপ্টেম্বর ২০২২

বিজ্ঞপ্তি/নোটিশ

**বিষয়: "সেবা প্রদান প্রতিশ্রুতি" বিষয়ে সেবা প্রদানকারীদেরকে অবহিত করন সভা।**

সূত্রঃ ২৭.২৪.০০০০.০৯৫.৩১. ২২.৫১

APA লক্ষ্যমাত্রা অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/ সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজনের বিধান রাখা হয়েছে। সে অনুযায়ী ২০২২-২৩ অর্থ বছরের প্রথম প্রান্তিকের সভা আগামী ২০/০৯/২০২২ইং তারিখ ১০:৩০ ঘটিকায় প্রধান প্রকৌশলী (সাউথ জোন) মহোদয়ের সভাপতিত্বে Zoom Platform এ অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সকল বিওবি বিভাগের নির্বাহী প্রকৌশলী হতে এক অবস্থানে সেবা কেন্দ্রের সেবা সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/ কর্মচারীগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য বলা হলো। Zoom Link পরবর্তীতে জানিয়ে দেয়া হবে।

একইসাথে ডেসকো ওয়েবসাইটে ইতোমধ্যে আপলোডকৃত সিটিজেন চার্টারের উপর সুস্পষ্ট মতামত/ পরিবর্তন সংক্রান্ত সুপারিশ ১৯/০৯/২০২২ইং তারিখের মধ্যে লিখিত আকারে রূপনগর সার্কেল, সাউথ জোন ও নর্থ জোন এর ইমেইলে প্রেরনের জন্য অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

৬-৯-২০২২
মির্জা আবু নাছের
তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও আহ্বায়ক, "সেবা

প্রদান প্রতিশ্রুতি” বাস্তবায়ন কমিটি।
ফোন: +৮৮-০২৮৯০০১১০-১১
ফ্যাক্স: +৮৮ ০২ ৮৯০০১০০
ইমেইল: info@desco.org.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী (এসএন্ডডি অপারেশন, সাউথ জোন) এর দপ্তর, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড (ডেসকো) [ সদয় উপস্থিতির অনুরোধসহ ]

২) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী (এসএন্ড ডি অপারেশন, নর্থ জোন) এর দপ্তর, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড (ডেসকো) [ সদয় উপস্থিতির অনুরোধসহ ]

৩) সকল তত্ত্বাবধায়ক প্রকৌশলী [ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো ]

৪) উপ-মহাব্যবস্থাপক, উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) এর দপ্তর, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড (ডেসকো)

৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী , তত্ত্বাবধায়ক প্রকৌশলী (এমআইএস এন্ড সফটওয়্যার) এর দপ্তর, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড (ডেসকো) [ Zoom Link প্রদান ও সভা চলাকালীন একজন প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করার অনুরোধ করা হলো ]

৬) নির্বাহী প্রকৌশলী

৭) স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড (ডেসকো)

৮) স্টাফ অফিসার, নির্বাহী পরিচালক (অপারেশন) এর দপ্তর, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড (ডেসকো)

**DESCO**
POWER IS YOURS

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি (ডেসকো) লিমিটেড
প্রধান প্রকৌশলী, এসএন্ডডি অপারেশন (সাউথ জোন)

## ২০২২-২৩ অর্থবছরের APA লক্ষ্যমাত্রা অনুযায়ী ডেসকো'র সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/ সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজনের প্রথম প্রান্তিকের অনুষ্ঠিত সভার কার্যবিবরনী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ রশিদুর রহমান<br>প্রধান প্রকৌশলী |
| সভার তারিখ | ২০.০৯.২০২২ ইং (রোজ মঙ্গলবার) |
| সভার সময় | সকাল ১০:৩০ ঘটিকা। |
| স্থান | জুম (Zoom) প্ল্যাটফর্ম। |
| উপস্থিতি | সভায় ডেসকো'র সকল সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও সকল বি ও বি বিভাগের নির্বাহী প্রকৌশলী হতে এক অবস্থানে সেবা কেন্দ্রের সেবা সংশ্লিষ্ট সকল কর্মকর্তা-কর্মচারীগণ যুক্ত ছিলেন (উপস্থিতির স্ক্রীনশট সংযুক্ত)। |

সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয়ের অনুমোদনক্রমে সভার কার্যক্রম শুরু করা হয়। APA টার্গেট অনুযায়ী Compliance পূরনের ধারাবাহিকতায় এই সভা আয়োজন করা হয়েছে মর্মে সভাপতি মহোদয় সকলকে অবহিত করেন। সভার শুরুতেই ডেসকো'র বিদ্যমান সিটিজেন চার্টারে উল্লিখিত বিবিধ সেবা সম্পর্কে কোনরুপ পরিবর্তন/ পরিবর্ধন/ সংযোজনের বিষয়ে সংযুক্ত সকলের মতামত জানতে চাওয়া হয়। নিম্নে বর্ণিত বিষয়সমূহের উপর আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১. | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে উত্তরখান বি ও বি বিভাগ কর্তৃক প্রেরিত প্রস্তাব | উত্তরখান বি ও বি বিভাগ হতে নতুন সংযোগে জমির মালিকানা সংক্রান্ত জটিলতার ক্ষেত্রে বর্তমান মালিকের হালনাগাদ খাজনা পরিশোধের কপি চাওয়ার বিষয়টি প্রস্তাব করা হয়। এছাড়া প্ল্যান সংক্রান্ত পরিবর্তন/ পরিবর্ধনের ক্ষেত্রে Working Plan এর কপির কথা প্রস্তাব করা হয়েছে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (রুপনগর সার্কেল) সিটিজেন চার্টার শুধুমাত্র নিয়মানুযায়ী সংযোগের জন্য প্রযোজ্য উল্লেখ করে ব্যতিক্রম বিষয়গুলো ডেসকো'র পলিসি অনুযায়ী সমাধানের জন্য পরামর্শ দেন। এছাড়া Working Plan এর বিষয়টি নির্বাহী পরিচালক (অপারেশন) মহোদয় কর্তৃক ইতোপূর্বে জারীকৃত অফিস আদেশে উল্লেখ আছে বলে জানান। | নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২. | নির্বাহী প্রকৌশলী, বসুন্ধরা কর্তৃক উত্থাপিত সংশোধনী | নির্বাহী প্রকৌশলী (বসুন্ধরা) এবং নির্বাহী প্রকৌশলী (টঙ্গী পূর্ব) বিদেশী পাসপোর্টধারী ও এনআরবি গ্রাহকের ক্ষেত্রে এবং বালু নদীর অপর পাড়ে গ্রাম এলাকায় যাদের ই-টিন নম্বর নাই,<br>সেক্ষেত্রে সংযোগ প্রদানের বিষয়ে করনীয় বিষয়ে জানতে চান।<br><br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বারিধারা সার্কেল) অনেক গ্রাহকের টিন নম্বর থাকে না উল্লেখ করে যাদের বর্তমানে সংযোগ রয়েছে তাদের ক্ষেত্রে টিন এর বাধ্যবাধকতার বিষয়ে জানতে চান। | সভাপতি মহোদয় ই-টিন সংগ্রহ করা এখন অনেক সহজ এবং জমি বিক্রিসহ সকল কাজেই টিন নম্বর প্রয়োজন হয় বলে জানান।<br>তাই টিন এর বিষয়টি বাধ্যতামূলক হওয়ায় নতুন-পুরাতন সকল গ্রাহকের ক্ষেত্রেই তা প্রতিপালন করতে হবে বলে নির্দেশনা দেন। তবে ব্যতিক্রম ক্ষেত্রে নোটশীট দিয়ে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমোদন নেয়া যেতে পারে। | নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ |
| ০৩. | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে রূপনগর বি ও বি বিভাগ কর্তৃক প্রেরিত প্রস্তাব | নির্বাহী প্রকৌশলী (রূপনগর) ২৫০ কিঃওঃ এর অধিক লোডের ক্ষেত্রে লোড ছাড়পত্র ও প্রযোজ্য ক্ষেত্রে সোলার প্যানেল স্থাপনের বিষয়টি সংযুক্ত করার প্রস্তাব দেন।<br><br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (টঙ্গী ও বারিধারা সার্কেল) এবং নির্বাহী প্রকৌশলী (দক্ষিনখান) গ্রাহক বিভ্রান্তি এড়ানোর জন্য বিষয়টি সংযুক্ত করা যেতে পারে বলে মন্তব্য করেন। | সভাপতি মহোদয় ২৫০ কিঃওঃ এর অধিক লোডের ক্ষেত্রে লোড ছাড়পত্র গ্রহন<br>এবং প্রযোজ্য ক্ষেত্রে সোলার প্যানেল স্থাপনের বিষয়টি সংযুক্ত করার নির্দেশনা দেন। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রূপনগর সার্কেল |
| | | নির্বাহী প্রকৌশলী (রূপনগর) সিটিজেন চার্টারে সকল বি ও বি বিভাগের One Point Service Centre এর মোবাইল নম্বর সংযোজন ও বিদ্যমান নম্বর হালনাগাদ করার প্রস্তাব দেন। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (রূপনগর সার্কেল) ওয়েবসাইটে সিটিজেন চার্টার এর সাথে ইতোমধ্যে পূর্বের ১৬ টি বি ও বি বিভাগের One Point Service Centre এর মোবাইল নম্বর দেওয়া<br>আছে বলে জানান। নবসৃষ্ট ০৮ টি বি ও বি বিভাগের নম্বরসহ ২৪ টি বি ও বি বিভাগের মোবাইল নম্বর আপডেট করা হবে বলে জানান। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (রূপনগর সার্কেল) |
| | | নির্বাহী প্রকৌশলী (রূপনগর, গুলশান ও টঙ্গী সেন্ট্রাল) বর্তমানে বিইআরসির রুল অনুযায়ী নির্মান মিটারকে স্থায়ী করার সুযোগ থাকায় নির্মান মিটারের ক্ষেত্রে প্ল্যান প্রদানের বাধ্যবাধকতা রাখার বিষয়ে মত দেন।<br><br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বারিধারা সার্কেল) অস্থায়ী সংযোগের ক্ষেত্রে প্ল্যান প্রয়োজন নাই মর্মে মন্তব্য করেন। | সভাপতি মহোদয় প্ল্যান এর ক্ষেত্রে বাধ্যবাধকতা রাখার বিষয়ে মত দেন। তবে ব্যতিক্রম ক্ষেত্রে অঙ্গীকারনামা নিয়ে ব্যবস্থা গ্রহনের বিষয়ে নির্দেশনা প্রদান করেন। | নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ |

| | | | | |
|---|---|---|---|---|
| | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে রুপনগর বি ও বি বিভাগ কর্তৃক প্রেরিত প্রস্তাব | নির্বাহী প্রকৌশলী (রুপনগর) একই স্থাপনায় একাধিক বানিজ্যিক/ শিল্প মিটার প্রদানের বিষয়টি উত্থাপন করেন। | এ বিষয়ে ইতোমধ্যে সিদ্ধান্ত রয়েছে মর্মে সভাপতি মহোদয় সকলকে অবহিত করেন। | - |
| ০৪. | নির্বাহী প্রকৌশলী, দক্ষিনখান কর্তৃক উত্থাপিত সংশোধনী | নির্বাহী প্রকৌশলী (দক্ষিনখান) ক্ষুদ্র ও কুটির শিল্পের বিষয়টি সিটিজেন চার্টার এ আলাদা করা নাই উল্লেখ করে বানিজ্যিক সংযোগের আওতায় সংযুক্ত করার প্রস্তাব দেন এবং বিসিক এর ক্ষেত্রে ছাড়পত্র সংযুক্ত করার বিষয়ে প্রস্তাব দেন।<br><br>নির্বাহী প্রকৌশলী (গুলশান) শিল্প সংযোগের আওতায় বর্নিত বিষয়ে বলা আছে উল্লেখ করে সংযোজনের প্রয়োজন নাই মর্মে মতামত দেন। | সভাপতি মহোদয় এ বিষয়ে কোন সংশোধন প্রয়োজন নাই উল্লেখ করে বিসিক ছাড়পত্র থাকলে সি১ এবং না থাকলে ই ট্যারিফে সংযোগের নির্দেশ দেন। | নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ |
| ০৫. | নির্বাহী প্রকৌশলী, গুলশান কর্তৃক উত্থাপিত সংশোধনী | নির্বাহী প্রকৌশলী (গুলশান) ৩৩ নং স্লাইডে নির্দিষ্ট তারিখের মধ্যে বিল পরিশোধের তাগাদা বার্তা ০৭ দিনের পরিবর্তে বিদ্যুৎ আইন'২০১৮ অনুযায়ী ১০ দিন করার জন্য বলেন। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (রুপনগর সার্কেল) বিল পরিশোধের তাগাদা বার্তা ০৭ দিনের পরিবর্তে বিদ্যুৎ আইন'২০১৮ অনুযায়ী ১০ দিন করা হবে বলে জানান। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (রুপনগর সার্কেল) |
| | | ৩৪-৩৯ নং স্লাইডে শুধু পুনঃসংযোগ ফি এর কথা উল্লেখ আছে জানিয়ে উক্ত জায়গায় সংযোগ বিচ্ছিন্ন ও পুনঃসংযোগ ফি যুক্ত করার বিষয়ে মতামত দেন। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (রুপনগর সার্কেল) বর্নিত স্লাইডসমূহে শুধুমাত্র পুনঃসংযোগ ফি এর পরিবর্তে সংযোগ বিচ্ছিন্ন ও পুনঃসংযোগ ফি যুক্ত করা হবে বলে জানান। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (রুপনগর সার্কেল) |
| | | ৭২ নং স্লাইডে মিটার রিডিং কার্ড হারিয়ে গেলে নতুন কার্ড গ্রহনের জন্য<br>ফি জমা নেয়ার বিষয়টি উল্লেখ আছে যদিও বাস্তবে ফি নেয়া হয়না। এছাড়া প্রিপেইড মিটার কার্ড এর বিষয়ে ২০০/-টাকা ফি এর<br>বিষয়টি উল্লেখ করা যেতে পারে। | সভাপতি মহোদয় মিটার রিডিং কার্ডের ক্ষেত্রে ফি পরিহার ও প্রিপেইড কার্ডের ফি সংযুক্ত করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (রুপনগর সার্কেল) |
| | | ভাড়াটিয়ার নামে মিটার প্রদানের ক্ষেত্রে চুক্তিপত্র ছাড়াও জমির মালিক কর্তৃক ভাড়াটিয়ার বকেয়া বিল পরিশোধের সম্মতিপত্র সংযোজনের বিষয়ে প্রস্তাব করেন। | সভাপতি মহোদয় ভাড়াটিয়ার নামে মিটার প্রদানের ক্ষেত্রে চুক্তিপত্র ছাড়াও জমির মালিক কর্তৃক ভাড়াটিয়ার বকেয়া বিল পরিশোধের সম্মতিপত্র সংযোজন করার বিষয়ে নির্দেশনা দেন। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (রুপনগর সার্কেল) |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬. | নির্বাহী প্রকৌশলী, টঙ্গী পূর্ব কর্তৃক উথাপিত সংশোধনী | নির্বাহী প্রকৌশলী (টঙ্গী পূর্ব) ৭৭ নং স্লাইডে সাবেক নির্বাহী পরিচালক (অপারেশন) এর নাম পরিবর্তন করে হালানাগাদ করার প্রস্তাব করেন।<br><br>এছাড়া ৩৩ নং স্লাইডে ক্ষুদে বার্তার বিষয়টি উল্লেখ থাকায় ক্ষুদে বার্তা না পেলে গ্রাহক অভিযোগ করেন। ক্ষুদে বার্তা দেয়া হবে এর পরিবর্তে দেয়া হতে পারে মর্মে উল্লেখ করা যেতে পারে মন্তব্য করেন। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (রুপনগর সার্কেল) নির্বাহী পরিচালক (অপারেশন) বিষয়টি সংশোধন করা হবে বলে জানান।<br><br>আইসিটি তে কথা বলে ক্ষুদে বার্তা প্রেরনের বিষয়টি সংশোধন করা হবে বলে জানান। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (রুপনগর সার্কেল) |
| ০৭. | নির্বাহী প্রকৌশলী, বারিধারা কর্তৃক উথাপিত সংশোধনী | নির্বাহী প্রকৌশলী (বারিধারা) বানিজ্যিক গ্রাহকের ক্ষেত্রে ২০ কিঃওঃ এর বেশি হলে পিএফআই ইউনিট স্থাপনের বিষয়টি স্লাইড-৬ এ সংযুক্ত করার প্রস্তাবনা দেন।<br><br>এছাড়া বিদ্যমান গ্রাহকের লোড হ্রাস/বৃদ্ধির বিষয়ে আলাদা একটি স্লাইড করার পক্ষে মতামত দেন।<br><br>ক্ষুদে বার্তার জন্য মোবাইল নং ও ভবিষ্যতে ই-মেইলে বিল প্রাপ্তির জন্য ই-মেইল এড্রেস প্রদানের বিষয়টিও সংযুক্ত করা যেতে পারে বলে মন্তব্য করেন। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (রুপনগর সার্কেল) মিটার সংখ্যা বাড়িয়ে লোড বৃদ্ধির ক্ষেত্রে একটি স্লাইড সংযোজন করা যেতে পারে বলে জানান। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (রুপনগর সার্কেল) |
| | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে টঙ্গী সার্কেল কর্তৃক প্রেরিত প্রস্তাব | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (টঙ্গী সার্কেল) আপলোডকৃত সিটিজেন চার্টার Microsoft Word হতে পিডিএফ করন এবং সিটিজেন চার্টার এ Page No. ও Index সংযোজনের প্রস্তাব দেন। সকল জায়গায় গ্রাহকশ্রেনীর পাশাপাশি ট্যারিফ উল্লেখ থাকলে গ্রাহকের জন্য সুবিধাজনক হত বলে মন্তব্য করেন। | সভাপতি মহোদয় বিষয়গুলো সংযোজন করার জন্য নির্দেশনা প্রদান করেন। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (রুপনগর সার্কেল) |
| | | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (টঙ্গী সার্কেল) মহোদয় জানান এমটি ট্যারিফে (৮০ কিঃওঃ এর উর্দ্ধে) নতুন সংযোগের ক্ষেত্রে কেবল বৈদ্যুতিক লাইসেন্সিং বোর্ডের সার্টিফিকেট প্রয়োজন উল্লেখ রয়েছে। এইচটি ও ইএইচটি সংযোগ সংযোজন করা প্রয়োজন।<br>এছাড়া শিল্প সংযোগ এর ক্ষেত্রে ৫০ কিঃওঃ এর অধিক লোডে আবেদনের ক্ষেত্রে অগ্নি নির্বাপন সার্টিফিকেট প্রয়োজন। এক্ষেত্রে ৫০ কিঃওঃ হবে নাকি ৮০ কিঃওঃ দ্বারা সংশোধন হবে সে বিষয়ে জানতে চান। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (রুপনগর সার্কেল) বৈদ্যুতিক লাইসেন্সিং বোর্ডের সার্টিফিকেট এর বিষয়টি সংশোধন করা হবে বলে জানান। তবে ফায়ার এর বিষয়টি সেনসিটিভ হওয়ায় মন্ত্রনালয়ের ইতোপুর্বের নির্দেশনা অনুযায়ী ৫০ কিঃওঃ রাখা হয়েছে বলে জানান।<br><br>সভাপতি মহোদয় মন্ত্রণালয় থেকে সংশোধনী না আসা পর্যন্ত বর্তমান নিয়মানুযায়ী কাজ করার পরামর্শ দেন। | নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ |

| | | | | |
|---|---|---|---|---|
